দৈনিক বাংলা

তারিখ 31/5/83
পৃষ্ঠা 5 কলাম 1

020

# প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন

চলতি বছর দেশের উত্তরাঞ্চলের পাঁচটি জেলার ১৭২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন তৈরির জন্য ২ কোটি ৭০ লাখ ২৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এই খবর বেরিয়েছে গতকালের দৈনিক বাংলায়।

প্রাথমিক শিক্ষাই শিক্ষা জীবনের মূল ভিত্তি। এর ওপরই নির্ভরশীল পরবর্তী শিক্ষা জীবন। বাস্তব কারণেই সরকার প্রাথমিক শিক্ষার ওপর বিশেষ জোর দিয়েছেন। উপযুক্ত পরিবেশে ও সুষ্ঠুভাবে শিক্ষাদানের জন্যই দরকার প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন ও ভবন নির্মাণ। এব্যাপারেও বিশেষ উদ্যোগ ও কর্মসূচী নেয়া হয়েছে।

আমাদের দেশে অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েরই উপযুক্ত ভবন নেই। সরকারী বিদ্যালয় হওয়া সত্ত্বেও এদিক থেকে অনেক বিদ্যালয়েরই দীনদশা। ফলে ঝড়-বৃষ্টির দিনে শিক্ষক ও শিক্ষার্থীদের দুর্ভোগ পোহাতে হয়। পড়াশোনারও হয় ক্ষতি। চাল আছে তো বেড়া নেই অবস্থা, কিছুতেই শিক্ষার অনুকূল হতে পারে না।

প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন ও ভবন নির্মাণের কর্মসূচী বাস্তবায়িত হলে এই অবস্থার অবসান ঘটবে বলেই আশা করা যায়। বিদ্যালয়ের উপযুক্ত ও আকর্ষণীয় ভবন শিক্ষার্থীদের নিশ্চিন্ত মনে ও আনন্দিত চিত্তে শিক্ষা গ্রহণের পক্ষেই হয় সহায়ক। সুতরাং দেশের সব প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন এবং ভবন নির্মাণই একান্তভাবে কাম্য।